# চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ২৮ জুলাই ২০২২ খ্রি.

ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম সভায় মেয়র

## ভোটার তালিকা হালনাগাদ করতে নগরবাসীর সহযোগিতা কামনা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, আগামী ১ থেকে ২১ আগষ্ট ২০২২খ্রি. পর্যন্ত নির্বাচন কমিশন চট্টগ্রাম মহানগরীতে ভোটার তালিকা হাল নাগাদ করণের কার্যাক্রম শুরু করবে। এরই অংশ হিসেবে সিটি এলাকায় ভাটার তালিকা হাল নাগাদ কর্মসূচীতে ওয়ার্ড কাউন্সিলর ও নগরবাসীসহ সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা করার আহ্বান জানান। তিনি সুষ্ঠু ও স্বচ্ছ নির্বাচনের জন্য নির্ভূল ভোটার তালিকা প্রণয়ণ অপরিহার্য্য মন্তব্য করে বলেন, তবে কোন রোহিঙ্গা জনগোষ্টি যাতে ভোটার তালিকা অন্তর্ভূক্ত হতে না পারে সে ব্যাপারে জনপ্রতিনিদেরকে সজাগ দৃষ্টি রাখতে হবে। গতকাল বুধবার বিকেলে নগরীর আন্দরকিল্লা পুরাতন নগর ভবনে কে বি আবদুচ সাত্তার মিলনায়তনে মহানগর এলাকার ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২২ উপলক্ষে এক প্রস্তুতি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

নির্বাচন কমিশন চট্টগ্রামের আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ হাসানুজ্জামানের সভাপতিত্বে এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম। স্বাগত বক্তব্য রাখেন সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা মো. জাহাঙ্গীর আলম, ওয়ার্ড কাউন্সিলর আব্দুস সালাম মাসুম, মোবারক আলী, গোলাম মোহাম্মদ জোবায়ের, সংরক্ষিত কাউন্সিলর রুমকী সেনগুপ্ত প্রমুখ।

সভাপতির বক্তব্যে মোহাম্মদ হাসানুজ্জামান বলেন, ভোটার তালিকা হালনাগাদ করতে জনপ্রতিনিধিদের সহযোগিতার কোন বিকল্প নেই। তিনি জনপ্রতিনিধিদের দ্বারা বিভিন্ন অত্যবশ্যকিয় সনদ প্রদানের সময় রোহিঙ্গাসহ ভিন দেশের নাগরিকদের বিষয়ে সতর্কতা অবলম্বন করার অনুরোধ জানান এবং এই বিষয়ে সিটি মেয়রের সার্বিক সহায়তা কামনা করেন।

মুক্তিযোদ্ধা সংসদ আয়োজিত ৬দিন ব্যাপী জাতীয় শোক দিবস অনুষ্ঠানের স্থান পরিদর্শনে মেয়র

## শোক হোক স্বপ্ন পূরণের শক্তি

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, যার ডাকে পাক হানাদার বাহিনীদের বিরুদ্ধে বুক চিতিয়ে দাঁড়িয়েছিল বাংলার মানুষ। দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী সংগ্রামের মধ্য দিয়ে ছিনিয়ে এনেছিল স্বাধীনতা হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হারানোর মাসটি ফিরে এলো শোকের আবহ নিয়ে। ১৯৭৫ সালের ১৫ আগষ্ট ইতিসাসের এক কলংকময় অধ্যায়। এই শোকাবহ ঘটনায় শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনার্থে চট্টগ্রামের মুক্তিযোদ্ধারা আন্দরকিল্লা চসিক পুরাতন নগর ভবন চত্বরে আগামী ৫ আগষ্ট থেকে ১০ আগষ্ট পর্যন্ত ৬দিন ব্যাপী অনুষ্ঠানের আয়োজন করেছে।

গতকাল বুধবার বিকেলে চট্টগ্রাম মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক আয়োজিত ৬দিন ব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাৎ বার্ষিকীর অনুষ্ঠানমালার স্থান পরিদর্শন করতে গিয়ে তিনি একথা বলেন। এসময় মুক্তিযোদ্ধা সংসদ মহানগর ইউনিট কমান্ডার মোজাফফর আহমদ, সহকারী কমান্ডার সাধন চন্দ্র বিশ্বাস, থানা কমান্ডার সৌরন্দ্র নাথ সেন, কুতুব উদ্দিন চৌধুরী, চসিক উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু, জামাল উদ্দিন খানসহ মুক্তিযোদ্ধাবৃন্দ উপস্থিত ছিলেন।

মেয়র আরো বলেন, ৬ দিন ব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাৎ বার্ষিকীর অনুষ্ঠানে অতিথি হিসেবে সাবেক মন্ত্রী ও আওয়ামীলীগ প্রেসিডিয়াম সদস্য বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার মোশারফ হোসেন এমপি, সাবেক মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা শাহজাহান খান এমপি, স্বরাষ্ট্র মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা আসাদুজ্জামান খান কামাল এমপি, তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি, আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ এমপি, সাংগঠনিক সম্পাদক আবু সাঈদ আল মাহমুদ স্বপন এমপি, শিক্ষা উপ মন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি, বাংলাদেশ আওয়ামী লীগের

অর্থ ও পরিকল্পনা বিষয়ক সম্পাদক ওয়াসিকা আয়শা খান এমপি, চট্টগ্রাম দক্ষিণ জেলা আওয়ামী লীগ সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোছলেম উদ্দিন আহমদ এমপি, চট্টগ্রাম বিশ্ব বিদ্যালয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় উপাচার্য ডা. মো. ইসমাইল খান, চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহতাব উদ্দিন চৌধুরী, সাধারণ সম্পাদক ও সাবেক মেয়র আ.জ.ম নাছির উদ্দিন, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যান এ.বি.এম আজাদ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার মো. আশরাফ উদ্দিন, জেলা প্রশাসক মোহাম্মদ মমিনুর রহমান, চট্টগ্রাম বন্দর চেয়ারম্যান রিয়ার এডমিরাল এম. শাহজাহান, চট্টগ্রাম মেট্রো পলিটন পুলিশ কমিশনার কৃষ্ণ পদ রায়, চট্টগ্রাম রেঞ্জ ডিআইজি মো. আনোয়ার হোসেন, বীর মুক্তিযোদ্ধা রানা দাশ গুপ্ত, সম্মিলিত মুক্তিযোদ্ধা সংসদের সদস্য সচিব ওসমান আলী, জেলা পরিষদ প্রশাসক এম.এ সালাম, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইণ্ডাস্ট্রিজ সভাপতি মাহবুবুল আলম, চট্টগ্রাম প্রেস ক্লাবের সভাপতি আলী আব্বাস, সাধারণ সম্পাদক চৌধুরী ফরিদসহ স্থানীয় রাজনৈতিক ও মুক্তিযোদ্ধা কমণ্ডারগণ আলাচনায় অংশ নেবেন।

চট্টগ্রাম মহানগর কমান্ডার মোজাফর আহমদ বলেন, জাতীয় শোক দিবস উলক্ষে আয়োজিত অনুষ্ঠানের চসিক মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী সহযোগিতা করায় তাঁকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়। তিনি আন্দরকিল্লা চসিক চত্বরের আগামী ৫ আগষ্ট উদ্বোধন অনুষ্ঠানসহ ৬ দিন ব্যাপী অনুষ্ঠানে নগর ও জেলার সকল বীর মুক্তি যোদ্ধাদের উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## এডিস মশার বিস্তার রোধে চসিকের মোবাইল কোর্টের ১৯ হাজার টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অভিযানে নগরীর রহমান নগর ও হিলভিউ আবাসিক এলাকায় নির্মাণাধীন ভবনের নীচ তলায় এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবনের ৪ মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৯ হাজার টাকা জরিমানা আদায় করা হয় ও ভবনের নীচের জমাটবদ্ধ পানি ভ্রাম্যমান আদালতের উপস্থিতিতে নিষ্কাশনের ব্যবস্থা করা হয়। ভবিষ্যতে পানি জমা হলে তা দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা নেওয়ার জন্য ভবন মালিকদের নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে বর্তমান বর্ষা মৌসুমে নির্মাণাধীন ভবনের নীচতলায়, ভবনের ছাদে বা ছাদ বাগানে যাতে পানি না জমে সে বিষয়ে সতর্ক থাকতে নগরবাসীর প্রতি বিশেষভাবে অনুরোধ জানানো হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩